




জনতা ব্যাংক লিমিটেড

এস্টেট ডিপার্টমেন্ট

প্রধান কার্যালয়, ঢাকা।

জনতা ব্যাংক লিমিটেড এ সার্ভেয়ার প্রতিষ্ঠান তালিকাভুক্তকরণ বিজ্ঞপ্তি

জনতা ব্যাংক লিমিটেড কর্তৃক মঞ্জুরিকৃত/মঞ্জুরিতব্য ঋণের বিপরীতে গৃহীত/গৃহীতব্য জামানত মূল্যায়নের নিমিত্তে দেশের প্রতিষ্ঠিত অনুরূপ কাজে ন্যূনতম ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন এবং কমপক্ষে ০২ (দুই) টি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের সাথে তালিকাভুক্ত সার্ভেয়ার/সার্ভে কোম্পানীর নিকট থেকে তালিকাভুক্তির জন্য ব্যাংকের নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য, ব্যাংকের প্রদত্ত/প্রদেয় ঋণ ও অগ্রিমের বিপরীতে বন্ধকীকৃত/বন্ধকীতব্য জমি/ইমারত/মেশিনারিজ এবং মালামাল মূল্যায়নের জন্য প্রতিষ্ঠানের পর্যাপ্ত শিক্ষিত, দক্ষ ও অভিজ্ঞতা সম্পন্ন জনবল থাকতে হবে। প্রতিষ্ঠানের ন্যূনতম একজন স্নাতক পূর প্রকৌশলী, একজন স্নাতক যন্ত্র প্রকৌশলী, ২ জন ডিপ্লোমা ইঞ্জিনিয়ার ও ৩ জন সার্ভেয়ার থাকতে হবে এবং তাদের ২ বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। আগ্রহী আবেদনকারীগণ জনতা ব্যাংক লিমিটেড, এস্টেট ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয় (০৫ তলা), ১১০, মতিঝিল, ঢাকা থেকে সর্বশেষ ২৪/০৯/২০১৯ ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন। আবেদন ফরমের মূল্য বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকার (অফেরতযোগ্য) ডিডি/পে-অর্ডার, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা এর অনুকূলে প্রদান করতে হবে। আবেদনপত্র সরাসরি জনতা ব্যাংক লিমিটেড, এস্টেট ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয় (৫ম ফ্লোর), ১১০-মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ এর রক্ষিত টেন্ডার বাক্সে আগামী ২৫/০৯/২০১৯ ইং তারিখ দুপুর ০২.৩০ ঘটিকার মধ্যে দাখিল করতে হবে, দুপুর ০২.৩০ ঘটিকার পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। আবেদনপত্রগুলো একই দিন বেলা ৩.০০ ঘটিকায় খোলা হবে। তালিকাভুক্তির বিষয়ে ব্যাংক কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে ব্যাংক কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। উল্লেখ্য, পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের পূর্বের বা ২৪/০৯/২০১৯ ইং তারিখের পরের কোন আবেদনপত্র বিবেচনা যোগ্য হবে না।


০৬/০৯/২০১৯

(প্রকৌশলী অমল চন্দ্র সরকার)

উপ-মহাব্যবস্থাপক

